দৈনিক ইনকিলাব

তারিখ ... 01 SEP 1992 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৬ ...

৩

10

## শিক্ষাঙ্গন

### মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা ও বর্তমান সরকারের নীতি

মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা সম্পর্কে বর্তমান গণতান্ত্রিক সরকারের নীতি ও মনোভাব দেখে বিস্মিত না হয়ে পারলাম না। যেখানে সরকার প্রতি থানায় একটি মাধ্যমিক স্কুল ও একটি কলেজ সরকারীকরণের সিদ্ধান্ত নিলেন অথচ সারা বাংলাদেশে তিনটি মাত্র সরকারী মাদ্রাসা। সরকার অন্ততঃ প্রতি জেলায় একটি মাদ্রাসা হলেও সরকারীকরণের সিদ্ধান্ত নিতে পারতেন। বাজেটের সর্বোচ্চ বরাদ্দ শিক্ষা খাতে, কিন্তু মাদ্রাসা শিক্ষা খাতে এই নীতি কেন? এই প্রশ্ন আজকে সমগ্র দেশ ও জাতির।

বিশ্ববিদ্যালয়ের ডিগ্রীর সিলেবাসসহ অধ্যয়ন করে ফাজিল পাস করার পর বিসিএস পারীক্ষায় অংশগ্রহণ ও প্রিলিমিনারী ভর্তি হবার সুযোগ দেয়া হচ্ছে না, তাই হাজার-হাজার ছাত্র/ছাত্রী উচ্চ শিক্ষা গ্রহণের অধিকার থেকে বঞ্চিত হচ্ছে। জীবনে নেমে এসেছে হতাশা।

বর্তমান গণতান্ত্রিক সরকার ও শিক্ষা মন্ত্রণালয়ের নিকট আকুল আবেদন মাদ্রাসা শিক্ষা ব্যবস্থার যাবতীয় সমস্যা ও জটিলতা দূর করে অনতিবিলম্বে ফাজিল পাসদের স্নাতক পাসের পূর্ণ সমমান দিয়ে উচ্চ শিক্ষা গ্রহণের অধিকার দেয়া হোক।

—আলাউদ্দিন আল-আযাদ।